



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৪ মে ২০২৩

প্রেস বিজ্ঞপ্তি

রাঙামাটিতে জেএসএস সন্ত্রাস গ্রুপ কর্তৃক ইউপিডিএফ সদস্যকে হত্যার নিন্দা ও প্রতিবাদ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর রাঙামাটি জেলা ইউনিটের সংগঠক সচল চাকমা আজ রবিবার, ১৪ মে ২০২৩ এক বিবৃতিতে রাঙামাটি সদর উপজেলার মানিকছড়ি ছত্রাছড়া এলাকায় জেএসএস সন্ত্রাস গ্রুপ কর্তৃক ইউপিডিএফের এক সদস্যকে গুলি করে হত্যার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি ঘটনার বিবরণ দিয়ে বলেন, আজ সকাল ৮.৪৫টার সময় ইউপিডিএফ সদস্য রূপান্ত চাকমা গুরফে লেজা (৪৭) সাংগঠনিক কাজে যাওয়ার জন্য বের হলে আগে থেকে গুঁৎ পেতে থাকা জেএসএস সন্ত্রাস গ্রুপের একদল সশস্ত্র সন্ত্রাসী তাকে লক্ষ্য করে ব্রাশফায়ার করে। এতে ঘটনা স্থলেই তিনি নিহত হন। তাকে হত্যার পর সন্ত্রাসীরা রাঙামাটি-চট্টগ্রাম সড়ক পার হয়ে মানিকছড়ির দক্ষিণ দিকে আমছড়ি-ডিপ্পোছড়ির দিকে চলে যায়।

নিহত রূপান্ত চাকমার বাড়ি খাগড়াছড়ির দীঘিনালা উপজেলার মেরুং ইউনিয়নের ১নং ওয়ার্ডের শিমুলতলী গ্রামে। তার পিতার নাম লক্ষ্মী চন্দ্র চাকমা।

বিবৃতিতে ইউপিডিএফ নেতা উক্ত হত্যার ঘটনাকে কাপুরুষোচিত ও ন্যাক্কারজনক উল্লেখ করে বলেন, পার্বত্য চট্টগ্রামে ভ্রাতৃঘাতি সংঘাত বন্ধের জন্য ইউপিডিএফের যে কার্যক্রম তা বানচাল করতে সন্ত্রাস গ্রুপের সশস্ত্র সন্ত্রাসীদের লেলিয়ে দিয়ে এই হত্যাকাণ্ড সংঘটিত করা হয়েছে। সন্ত্রাস লারমা আঞ্চলিক পরিষদের চেয়ারে বসে এসব খুনি-সন্ত্রাসীদের লালন পালন করছেন।

বিবৃতিতে তিনি অবিলম্বে রূপান্ত চাকমার খুনি সন্ত্রাস গ্রুপের সন্ত্রাসীদের গ্রেফতারপূর্বক দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।